



BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)

"Made in Bangladesh with Pride"

BGMEA Complex, House # 7/7A, Block # H 1, Sector # 17, Uttara, Dhaka-1230, Hot Line : 09638012345
E-mail : info@bgmea.com.bd, Web : www.bgmea.com.bd

Ref: সার্কুলার নং- বিজিএ/এডমিন/২০২১/ ৯ ৬

০৭ জুলাই ২০২১ইং


সম্মানিত সদস্যগণের জন্য

প্রিয় মহোদয়,

আসসালামু আলাইকুম।

আপনাদের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় নিয়ে সরকার সার্বিক কার্যাবলি/চলাচলে বিধি-নিষেধ আরোপের সময়সীমা আগামী ০৭ জুলাই ২০২১ তারিখ হতে ১৪ জুলাই ২০২১ তারিখ পর্যন্ত বর্ধিত করেছে। উক্ত বিধি-নিষেধ বর্ধিত করার প্রেক্ষিতে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং- ২৮, তারিখ: ০৬ জুলাই ২০২১ এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,



মোঃ ফয়জুর রহমান

মহা-সচিব



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-২৮

তারিখ : ২২ আষাঢ় ১৪২৮
০৬ জুলাই ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক আরোপিত
বিধি-নিষেধের মধ্যে ব্যাংকিং কার্যক্রম পরিচালন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

করোনাভাইরাসজনিত রোগ (কোভিড-১৯) সংক্রমণের বর্তমান পরিস্থিতি বিবেচনায় সরকার কর্তৃক ইতঃপূর্বে আরোপিত বিধি-নিষেধের মেয়াদ ১৪ জুলাই ২০২১ পর্যন্ত বর্ধিত করার প্রেক্ষিতে সীমিত পরিসরে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর অনুবৃত্তিক্রমে নিম্নোক্ত নির্দেশনা জারি করা হলোঃ

- ০১। সাপ্তাহিক ছুটির দিন শুক্রবার ও শনিবার এবং ১১ জুলাই ২০২১ রবিবার ব্যাংক বন্ধ থাকবে।
- ০২। ৮ জুলাই ২০২১ হতে ১৪ জুলাই ২০২১ পর্যন্ত ব্যাংকিং লেনদেনের সময়সূচি হবে নিম্নরূপঃ

ব্যাংকিং লেনদেন সময়সূচি	লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের সময়কাল
সকাল ১০:০০ ঘটিকা হতে অপরাহ্ন ২:৩০ ঘটিকা পর্যন্ত	অপরাহ্ন ৪:০০ ঘটিকা পর্যন্ত।

- ০৩। ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এর ৩ (ক-ঘ) নম্বর ক্রমিকে উল্লেখিত বিভাগ/শাখাসমূহ ছাড়াও সামাজিক দূরত্ব বজায় রেখে এবং স্বাস্থ্য বিধি পরিপালন নিশ্চিত করে সীমিত সংখ্যক লোকবলের মাধ্যমে ব্যাংক স্বীয় বিবেচনায় প্রয়োজনীয় সংখ্যক শাখা খোলা রাখতে পারবে।
- ০৪। ৩০ জুন ২০২১ তারিখে জারিকৃত ডিওএস সার্কুলার লেটার নং-২৭ এ প্রদত্ত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০০৯৩